



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”


স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.২০.০০২.১৫- ৫১২

তারিখঃ ২৮/০৪/২০২০খ্রিঃ।

বিষয়ঃ পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ সংক্রান্ত।

বর্তমানে করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবের ফলে সৃষ্ট দুর্যোগ পরিস্থিতিকে মোকাবেলার জন্য পৌরসভার জনপ্রতিনিধি এবং কর্মকর্তা-কর্মচারীগণ সাধারণ ছুটি সময়ে নিরলসভাবে মানুষের পাশে থেকে সেবা করে যাচ্ছে। পবিত্র মাহে রমজান এবং ঈদ-উল-ফিতর অতি সন্নিহিতে হওয়ায় পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করা জরুরী এবং মানবিক।

০২। ইতোমধ্যে পৌরসভায় ১৪২৭ বঙ্গাব্দের জন্য হাট-বাজারসমূহের ইজারা প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং কিছু কিছু পৌরসভায় কার্যক্রম চলমান। এমতাবস্থায়, পৌরসভার আওতাভুক্ত হাট-বাজারের ইজারালব্ধ অর্থ হতে পৌর রাজস্ব খাতে জমাকৃত অর্থ দ্বারা অগ্রাধিকার ভিত্তিতে পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)
..... পৌরসভা
জেলাঃ.....।

অনুলিপি :-

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
- ৪। অফিস কপি।